

সচিব



জনাব মো: আখতার হোসেন
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মোঃ আখতার হোসেন ১৬ সেপ্টেম্বর, ২০১৯ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব পদে যোগদান করেন। এ পদে যোগদানের পূর্বে তিনি অক্টোবর, ২০১৪ হতে ১৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি: পর্যন্ত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব প্রশাসন ও উন্নয়ন পদে কর্মরত ছিলেন। তার পূর্বে মার্চ ২০০৯ খ্রি: হতে সেপ্টেম্বর, ২০১৪ খ্রি: পর্যন্ত তিনি স্থানীয় সরকার বিভাগে উপসচিব ও যুগ্মসচিব পদে কর্মরত ছিলেন এবং জুলাই ১৯৯৬ খ্রি: হতে জুন ২০০১ খ্রি: পর্যন্ত পাঁচ বছর তিনি পানি সম্পদ মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব ও মন্ত্রীর সহকারী একান্ত সচিব পদে কাজ করেছেন।

তিনি বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) প্রশাসন ক্যাডারে ফেব্রুয়ারী ১৯৮৮ খ্রি: যোগদান করে ৩২ বছর সরকারী চাকুরীতে পেশাগত অভিজ্ঞতা অর্জন করেছেন। চাকুরী জীবনের শুরুতে তিনি ১০ বছরের অধিককাল ফেনী, চাঁদপুর, কক্সবাজার ও ঝালকাঠী জেলায় সহকারী কমিশনার, উপজেলা ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা পদে চাকুরী করেছেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞানে ১৯৮৩ সনে বিএসএস (অনার্স) এবং ১৯৮৪ সনে সমাজবিজ্ঞানে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন। এছাড়া চাকুরীকালীন সময়ে সরকারের অনুমতি নিয়ে এলএলবি ও এমবিএ ডিগ্রি অর্জন করেন। মোঃ আখতার হোসেন দেশে-বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠান হতে পেশাগত প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং বিভিন্ন আন্তর্জাতিক সম্মেলন ও সেমিনারে অংশগ্রহণ করেছেন। তিনি সরকারী দায়িত্বের অংশ হিসাবে নগর উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ে ইউএসএ, ইউকে, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, ফিলিপাইন, মালয়েশিয়া ও কোরিয়ায় প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

তিনি স্থানীয় সরকার ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণের জন্য চীন, তুরস্ক ভিয়েতনাম, পেরু, সাউথ আফ্রিকা ও মালাউয়ি ভ্রমণ করেছেন। এছাড়া তিনি দক্ষতা উন্নয়নের জন্য ইউএসএ, কানাডা, নেদারল্যান্ড, জাপান ও সিংগাপুর হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

তিনি সরকারী দায়িত্বের অংশ হিসেবে ভারত, পাকিস্তান ও নেপাল ভ্রমণ করেছেন।

মোঃ আখতার হোসেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব হিসাবে পদাধিকার বলে জাতীয় ক্রীড়া পরিষদের সহ-সভাপতি এবং বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড গ্রাজুয়েট এবং এলামনাই এসোসিয়েশনের সদস্য। এছাড়া তিনি ঢাকা অফিসার্স ক্লাবের সদস্য।

ব্যক্তিগত জীবনে তিনি বেগম মাহবুবা আক্তার এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন এবং একপুত্র ও এক কন্যা সন্তানের জনক। তার পুত্র নাফিজ ইমতিয়াজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমবিএ ক্লাসের ছাত্র এবং কন্যা জেরিন তাসনিম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিজ্ঞানে অনার্সের চতুর্থ বর্ষে অধ্যয়নরত।